# বাংলাদেশ তাঁত বোর্ডের আওতাধীন বেসিক সেন্টার যশোর এর সার্বিক কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক মূল্যায়ন প্রতিবেদন

**সময়কালঃ ২০.০৮.২২ হতে ২২.০৮.২০২২খ্রিঃ**


পরিবীক্ষণ ও মূল্যায়ন অনুবিভাগ
বাংলাদেশ তাঁত বোর্ড
বিটিএমসি ভবন (৫মতলা)
৭-৯ কাওরান বাজার
ঢাকা-১২১৫

# বাংলাদেশ তাঁত বোর্ড

বিটিএমসি ভবন (৫ম তলা)
৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.bhb.gov.bd

**পটভূমি:** যশোর বেসিক সেন্টারভুক্ত সমগ্র যশোর জেলাসহ কেশবপুর, অভয় নগর, যশোর সদর, মনিরামপুর, চৌগাছা এবং নড়াইল সদর উপজেলাসমূহের আওতাধীন এলাকাসমূহের তাঁতিদের চলতি মূলধন সরবরাহ, অচল তাঁত সচল করে উৎপাদন বৃদ্ধি, আয় বৃদ্ধির মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধন এবং নারীর ক্ষমতায়নের সুযোগ সৃষ্টিসহ সার্বিক সহযোগিতা করার উদ্দেশ্যে যশোর বেসিক সেন্টারটি প্রতিষ্ঠিত হয়। এ এলাকায় গামছা, শাড়ি ইত্যাদি উৎপাদনের জন্য প্রসিদ্ধ।

যশোর বেসিক সেন্টার হতে তাঁতিদেরকে সেবা প্রদানের লক্ষ্যে সমিতি গঠন, তাঁতি সমিতির সদস্যদের মধ্যে গ্রুপ গঠনের মাধ্যমে চলতি মূলধন সরবরাহ ও অচল তাঁত সচলকরণের জন্য তাঁতিদের ক্ষুদ্রঋণ প্রদান এবং শুল্কমুক্ত সুবিধায় সুতা, রং ও রাসায়নিক আমদানির অনুমতি প্রদান ইত্যাদি কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

কেন্দ্রটি ২০.০৮.২২ হতে ২২.০৮.২০২২ তারিখ পর্যন্ত সরেজমিনে পরিদর্শনকালে অত্র বেসিক সেন্টারের দায়িত্বে নিয়োজিত লিয়াজোঁ অফিসার জনাব মোঃ সালাইদ্দিন ও ফিল্ড সুপারভাইজার জনাব মো: মেহেদী হাসান উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

## ৩। এক নজরে বেসিক সেন্টার যশোরঃ

| ক্রঃ নং | বিষয়বস্তু | তথ্যাদির বিবরণ |
|---|---|---|
| ১। | নিবন্ধিত প্রাথমিক তাঁতি সমিতি | ৫১টি |
| ২। | নিবন্ধিত মাধ্যমিক তাঁতি সমিতি | ০৪টি |
| ৩। | গ্রুপ গঠিত ঋণপ্রাপ্ত সমিতি | ২৩ টি |
| ৪। | অত্র কেন্দ্রে মোট বরাদ্দ ( জুন ২০২২ পর্যন্ত) | ১৩০.৭৭ লক্ষ টাকা। |
| ৫। | অত্র কেন্দ্রে মোট বিতরণ ( জুন ২০২২ পর্যন্ত) | ১৩০.৭৭ লক্ষ টাকা। |
| ৬। | অত্র কেন্দ্রে আদায়যোগ্য অর্থের পরিমাণ ( জুন ২০২২ পর্যন্ত) | ১৫১৪১৮২৮ টাকা |
| ০৭। | অত্র কেন্দ্রে আদায়কৃত অর্থের পরিমাণ ( জুন ২০২২ পর্যন্ত) | ১৪৩৯৬৪৭৮ টাকা |
| ০৮। | অত্র কেন্দ্রে অনাদায়ী বকেয়া অর্থের পরিমাণ (জুন ২০২২ পর্যন্ত) | ৭৪৫৩৫০ টাকা |
| ০৯। | ক্ষুদ্র ঋণের সেবাপ্রাপ্ত তাঁতি সংখ্যা | |
| | পুরুষ তাঁতি | ৮৮৮ জন |
| | মহিলা তাঁতি | ৩০ জন |
| ১০। | ক্ষুদ্র ঋণ পরিশোধকৃত তাঁতির সংখ্যা | ৭৭২ জন |
| ১১। | অনাদায়ী তাঁতির সংখ্যা | ১৪৬ জন |
| | ক্ষুদ্র ঋণের সেবা প্রাপ্ত তাঁত সংখ্যা | |
| | সেবা প্রাপ্ত তাঁতের শ্রেণি পিটলুম | ১১৫৬ টি |

| | | |
|---|---|---|
| | সেমি অটোমেটিক / ফ্রেম তাঁত | ১১৬ টি |
| | কোমর তাঁত | -- |
| ১২। | অত্র কেন্দ্রের আওতাধীন সমিতিভুক্তঃ | -- |
| | তাঁতি সংখ্যা | ৯১৮ জন |
| | সর্বমোট তাঁত সংখ্যা | ১২৭২ টি |
| ১৩। | ঋণ আদায়ের হার | |
| | সর্বশেষ জুন ২০২২ মাস পর্যন্ত বরাদ্দ | ১৩০.৭৭ লক্ষ টাকা |
| | বিতরণ | ১৩০.৭৭ লক্ষ টাকা |
| | তাঁতি | ৯১৮ জন |
| | তাঁত | ১২৭২ টি |
| | ঋণ আদায়ের হার | ৯৫.০৮% |

## ৪। কেন্দ্রর জনবলঃ

**ক)** বর্তমানে যশোর বেসিক সেন্টারে ০১ জন লিয়াজোঁ অফিসার এর অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত এবং ০১ জন ফিল্ড সুপারভাইজার কর্মরত আছেন।

| ক্রমিক নং | নাম | পদবি |
|---|---|---|
| ১ | জনাব মোঃ সালাইদ্দিন | লিয়াজোঁ অফিসার [অ:দা:] |
| ২ | জনাব মোঃ মেহেদী হাসান | ফিল্ড সুপারভাইজার |

খ) প্রতিষ্ঠাকালীন সময় থেকে অদ্যাবধি বেসিক সেন্টারে কেন্দ্র প্রধানের দায়িত্ব পালনকারী কর্মকর্তা / কর্মচারীদের বিবরণ সময়ানুক্রমে দেয়া হলোঃ

| ক্রঃ নং | নাম | পদবি | সময়কাল | | |
|---|---|---|---|---|---|
| ১ | এ.এইচ মইনুল ইসলাম | লিয়াজোঁ অফিসার | ১৯৯৮ | থেকে | ১৯.০৪.১৯৯৯ |
| ২ | মো: সাইফুল আলম | লিয়াজোঁ অফিসার | ৮.০৪.১৯৯৯ | থেকে | ১১.০৬.২০০৬ |
| ৩ | ভবতোষ চন্দ্র হালদার | লিয়াজোঁ অফিসার | ২.০৬.২০০৬ | থেকে | ৩.১১.২০০৬ |
| ৪ | মো: সাইফুল আলম | লিয়াজোঁ অফিসার | ২২.১১.২০০৬ | থেকে | ২৭.০২.২০১৯ |
| ৫ | মো: সালাউদ্দিন | লিয়াজোঁ অফিসার (অ: দা:) | ৩১.১০.২০১৯ | থেকে | বর্তমান |

## ৫। যশোর বেসিক সেন্টারের আসবাবপত্রের/ অফিস সরঞ্জামাদির বিবরণঃ

| ক্রঃ নং | আসবাবপত্রের বিবরণ | পরিমাণ (টি) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | কম্পিউটার (সিপিইউ ও মনিটর) | ০১ সেট | ভাল |
| ২ | ইউপিএস | ০১ টি | নষ্ট |
| ৩ | প্রিন্টার | ১ টি | ভাল |
| ৪ | ফাইল কেবিনেট | ১ টি | ১টি নষ্ট |

| | | | |
|---|---|---|---|
| ৫ | আলমারি | ২ টি | পুরাতন |
| ৬ | টেবিল | ১ সেট | ভাল |
| ৭ | চেয়ার | ৫ টি | ভাল |
| ৮ | ফ্যান | ০১টি ভাল | ০৩ টি নষ্ট |
| ৯ | সাইকেল | ০২ টি | নষ্ট |
| ১০ | মোটর সাইকেল | ০২ টি | ০১ নষ্ট |

## ৬। নথিপত্র ও বিভিন্ন প্রকার রেজিস্ট্রার পর্যালোচনাঃ

কেন্দ্রের বিভিন্ন নথিপত্র ও রেজিস্ট্রার পর্যালোচনা করে প্রাপ্ত তথ্যাদি নিম্নে সন্নিবেশিত করা হলোঃ

| রেজিষ্ট্রারের নাম | পৃষ্ঠা | খোলার তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| (ক) মাষ্টার ফাইল | ২৩ | ০৬.০১.৯৭ | |
| (খ) ছুটি রেজিষ্ট্রার | ২৪ | ১০.০২.৯৯ | |
| (গ) পত্র প্রেরণ রেজিষ্ট্রার | ৭৮ | ০২.০১.১৭ | |
| (ঘ) পত্র প্রাপ্তি রেজিষ্ট্রার | ৯০ | ২২.০৭.১৯ | |
| (ঙ) মাষ্টার রেজিষ্ট্রার | ৫৬ | ১০.০৭.০৪ | |
| (চ) মনোহারী ও মুদ্রণ রেজিষ্ট্রার | ১৭০ | ১৫.১২.০৫ | |
| (ছ) সমিতি রেজিষ্ট্রার | ১৯৮ | ১২.১২.০৫ | |
| (জ) গ্রুপ রেজিষ্ট্রারঃ | ৪৯ | ২০০০ | |
| গ্রুপ রেজিষ্ট্রার-০১ | | | |
| (ঝ) তাঁত ঋণ আবেদন রেজিষ্ট্রার | ৯৭ | ১০.০৭.০৪ | |
| (ঞ) মঞ্জুরি পত্র ইস্যু রেজিষ্ট্রার-০১ | ১৪৪ | ০১.১০.০৪ | |
| (ট) ঋণ বরাদ্দ রেজিষ্ট্রার | ১৫৪ | ১২.১২.০৫ | |
| ঋণ বিতরণ | ১৭০ | ১২.১২.০৫ | |
| আদায় রেজিষ্ট্রার | | | |
| (ঠ) ক্যাশ খাতা | ১২৪ | ০১.১১.২১ | |
| (ড) বেসিক সেন্টারের অনুকূলে অর্থ বরাদ্দ, বিতরণ ও স্থিতির পরিমাণ ছক-১ এবং ছক-২ | | | |
| (ঢ) মুভমেন্ট রেজিষ্ট্রার | ১১৩ | ১০.০৪.০৮ | |
| (ণ) বিদ্যুৎ, বাড়ি ভাড়া, ট্যাক্স ও ইউনিয়ন পরিশোধ/পৌরকর রেজিষ্ট্রার | ১৫৩ | ১৫.১২.০৫ | |
| (ত) অস্থায়ী সম্পদ রেজিষ্ট্রার | ১২৬ | ১৮.১২.০৫ | |
| (থ) স্থায়ী সম্পদ রেজিষ্ট্রার | ১২৬ | ১৮.১২.০৫ | |
| (দ) প্রশিক্ষণের জন্য তাঁতি প্রেরণ রেজিষ্ট্রার | ১৫৪ | ১৮.১২.০৫ | |
| (ধ) পরিদর্শন রেজিষ্ট্রার | ১৮০ | ২০.০৬.১৮ | |
| (ন) হাজিরা রেজিষ্ট্রার | ১৫৩ | ০২.০৫.১২ | |
| (প) ব্যাংক শাখাওয়ারী রেজিষ্টার | ৫৬ | ০১.০৭.১৯ | |
| (ফ) দায়িত্বভার হস্তান্তর ও গ্রহন নথি | ১৭৫ | ০৫.০২.১৯ | |

## ৭। বেসিক সেন্টারের আওতাধীন ঋণপ্রাপ্ত প্রাথমিক তাঁতি সমিতিসমূহের তথ্যাদিঃ

বেসিক সেন্টারটির আওতায় মোট ১৮টি প্রাথমিক সমিতিতে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। সমিতিগুলোর নাম সমূহ নিম্নরূপঃ

| ক্রঃনং | জেলা | উপজেলা | প্রাথমিক তাঁতি সমিতির নাম |
|---|---|---|---|
| ১ | যশোর | যশোর **সদর** | চাচড়া ইউ: ৩নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ২ | | | ৯ নং আদবপুর ইউ: ৩নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৩ | | | ৮ নং দেয়ারা ইউ: প্রাথমিক তাঁতি সমিতি |
| ৪ | | মনিরামপুর | ১৪ নং দুর্বাডাঙ্গা ইউনিয়ন ৩নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৫ | | | ১৭ নং মনোহরপুর ইউ: ১নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ৬ | | | ১৬ নং নেহালপুর ইউ: প্রাথমিক তাঁতি সমিতি |
| ৭ | | | ১১ নং চালুয়া হাটি ইউ: প্রাথমিক তাঁতি সমিতি |
| ৮ | | | ৭ নং খেদাপাড়া ইউ: প্রাথমিক তাঁতি সমিতি |
| ৯ | | | ১৪ নং দুর্বাডাঙ্গা ইউ: ০২নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ১০ | | কেশবপুর | ১ নং বিমোহনী ইউ ২নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ১১ | | অভয়নগর | ১ নং প্রেমবাগ ইউ: প্রাথমিক তাঁতি সমিতি |
| ১২ | | | ০৬ নং বাঘুটিয়া ইউ: প্রাথমিক তাঁতি সমিতি |
| ১৩ | | | ৪ নং পায়রা ইউ: প্রাথমিক তাঁতি সমিতি |
| ১৪ | | | ৭ নং শুভরাড়া ইউ: প্রাথমিক তাঁতি সমিতি |
| ১৫ | | চৌগাছা | ৯ নং স্বরূপদাহ ইউ: প্রাথমিক তাঁতি সমিতি |
| ১৬ | নড়াইল | সদর | ০১ নং মাইজপাড়া ইউ: প্রাথমিক তাঁতি সমিতি |
| ১৭ | | | ৭ নং শেখহাটি ইউ: ১ নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি |
| ১৮ | | | ৮ নং কলোড়া ইউ: প্রাথমিক তাঁতি সমিতি |

## ৮। বিগত ২০ বছরের বছরভিত্তিক বরাদ্দ প্রাপ্তি, ঋণ বিতরণ ও আদায় বিবরণীঃ

লক্ষ টাকায়

| ক্রমিক নং | অর্থবছর | প্রধান কার্যালয় হতে বরাদ্দ প্রাপ্তি | বিতরণ | আদায় |
|---|---|---|---|---|
| ১ | ১৯৯৯-২০০০ | ৮.৩৬ | ৬.০৫ | ১.০৭ |
| ২ | ২০০০-২০০১ | ৩.৮৩ | ৬.৩৯ | ২.৯৭ |
| ৩ | ২০০১-২০০২ | ১৬.৮৫ | ১৩.৯০ | ৬.১৫ |
| ৪ | ২০০২-২০০৩ | ১২.৭৯ | ৮.৯৫ | ৮.৫৩ |
| ৫ | ২০০৩-২০০৪ | ১৪.২১ | ১৫.৬২ | ১০.৯ |
| ৬ | ২০০৪-২০০৫ | ২৩.০০ | ১৯.৫০ | ১১.৬৬ |
| ৭ | ২০০৫-২০০৬ | ১৬.৭৬ | ১১.৫৮ | ১৩.৪৭ |
| ৮ | ২০০৬-২০০৭ | ০.০০ | ৫.৮০ | ১০.৬১ |
| ৯ | ২০০৭-২০০৮ | ৩.৮৮ | ৬.৪৬ | ৮.৩ |
| ১০ | ২০০৮-২০০৯ | ০.০০ | ৪.১৬ | ৮.১৩ |
| ১১ | ২০০৯-২০১০ | ৭.২০ | ৫.২৬ | ৭.২৬ |
| ১২ | ২০১০-২০১১ | ৫.৪১ | ৫.৮০ | ৮.২৯ |
| ১৩ | ২০১১-২০১২ | ১.৮৮ | ৪.৯০ | ৭.৩৭ |
| ১৪ | ২০১২-২০১৩ | ৩.৯০ | ২.১০ | ৭.৮৬ |
| ১৫ | ২০১৩-২০১৪ | ৩.০০ | ৪.৮০ | ৬.২ |
| ১৬ | ২০১৪-২০১৫ | ২.৭৬ | ১.৮৬ | ৫.৪৭ |
| ১৭ | ২০১৫-২০১৬ | ৩.৬৪ | ৩.৯৪ | ৪.১৪ |
| ১৮ | ২০১৬-২০১৭ | ১.৬০ | ২.০ | ৪.২৯ |
| ১৯ | ২০১৭-২০১৮ | ১.০০ | ১.০ | ৩.৭২ |
| ২০ | **২০১৮-২০১৯** | ০.০০ | ০.৭০ | ২.৭৮ |
| **২১** | **২০১৯-২০২০** | ০.৭০ | **০.০** | ১.৯৮ |
| **২২** | **২০২০-২০২১** | ০.০ | **০.০** | ১.৯৯ |
| **২৩** | **মোট =** | **১৩০.৭৭ লক্ষ** | **১৩০.৭৭** | **১৪৩.১৪ লক্ষ** |

## ০৯| তাঁতি এলাকা সরেজমিনে পরিদর্শন ও মতবিনিময়ঃ

কেন্দ্র মূল্যায়নকালে উক্ত বেসিক সেন্টারের আওতাধীন ২টি সমিতির মোট ২ জন তাঁতি সদস্যের সাথে মত বিনিময় করা হয়| চাচড়া ইউ: ৩নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতির সভাপতি জানান , তাদের তাঁতের কাঁচামাল, সুতা ও রং ক্রয়ের জন্য শাহজাদপুর , সিরাজগঞ্জ অথবা কুমারখালী, কুষ্টিয়া আসতে হয়। ফলে পরিবহন খরচসহ অন্যন খরচ মিলে কাপড়ের মূল্য অনেক বেশি পড়ে যায় | তাছাড়া গামছা বুনার পর উক্ত গামছা যথাসময়ে বিক্রয় করা ও সম্ভব হয় না। তাই ধীরে ধীরে এই পেশা ছেড়ে তাঁতিরা অন্য পেশায় চলে যাচ্ছে।



চাচড়া ইউ: ৩নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতির তাঁতি নিজ তাঁতে গামছা বুনন|



চাচড়া ইউ: ৩নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি ।



চাচড়া ইউ: ৩নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতি ।

**১০। তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ,অচালু তাঁত চালু করা এবং তাঁতের আধুনিকায়ন প্রকল্পের আওতায় বরাদ্দ প্রাপ্তি, ঋণ বিতরণ ও আদায় বিবরণীঃ**

উক্ত কেন্দ্রে এখন পর্যন্ত তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ,অচালু তাঁত চালু করা এবং তাঁতের আধুনিকায়ন প্রকল্পের আওতায় ঋণ বিতরণ কার্যক্রম শুরু হয়নি।

**১১। ব্যাংক শাখাওয়ারী ঋণ বিতরণ ও আদায় সম্পর্কিত তথ্যাদিঃ**

যশোর বেসিক সেন্টারের ঋণ বরাদ্দ, মঞ্জুরি, বিতরণ ও আদায় সংক্রান্ত কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বিকেবি যশোর, মনিরামপুর, গোপালপুর, চৌগাছা, নওয়াপাড়া, খেদাপাড়া, কেশবপুর, শেখহাটি ও নড়াইল ব্যাংক শাখার মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালিত হচ্ছে।

**১২। খেলাপী ঋণের তথ্যাদিঃ**

**যশোর বেসিক সেন্টারে সর্বমোট ১৪৬ জন ঋণ খেলাপী তাঁতি রয়েছে। তবে কেন্দ্রটিতে ঋণ খেলাপীর বিস্তারিত তথ্য পাওয়া যায়নি।**

**১৪৬ জন ঋণ খেলাপীর মধ্যে** মৃত্যুজনিত ১৩ জন এবং উক্ত এলাকা ছেড়ে যাওয়ার কারণে ২০ জনের ঋণের কিস্তি পরিশোধ করা সম্ভব হচ্ছে না বলে কেন্দ্র প্রধানের নিকট থেকে জানা যায়।

অবশিষ্ট ১১৩ জন আর্থিক অভাব অনটনের কারণে এ পেশা ছেড়ে অন্য পেশায় কোনরকমে জীবন যাপন করছেন। ফলে তারাও ঋণের কিস্তি পরিশোধ করতে অনীহা প্রকাশ করছেন।

**১৩। অডিট সংক্রান্ত তথ্যাদিঃ**

আলোচ্য বেসিক সেন্টারে ০১.০৮.২০১৯ তারিখে সর্বশেষ অভ্যন্তরীণ নিরীক্ষা করা হয়।

**১৪। সমিতি অডিটঃ**

আলোচ্য বেসিক সেন্টারের মাধ্যমে ২০২১-২২ অর্থবছরে ০৭টি সমিতি অডিট করা হয়েছে। নিম্নে তা তুলে ধরা হলোঃ

| ক্রমিক নং | সমিতির নাম |
|---|---|
| ১ | ০৯ নং স্বরূপদাহ ইউ: প্রা: তাঁতি সমিতি |
| ২ | ০৪ নং পায়রা ইউ: প্রা: তাঁতি সমিতি |
| ৩ | ০১ নং প্রেমবাগ ইউ: প্রা: তাঁতি সমিতি |

| ক্রমিক নং | সমিতির নাম |
|---|---|
| ১ | ১৭ নং মনোহরপুর ইউ: ১ নং ওয়ার্ড প্রা: তাঁতি সমিতি |
| ২ | ১ নং ত্রিমোহনী ইউ: ২ নং ওয়ার্ড প্রা: তাঁতি সমিতি |
| ৩ | ১৪ নং দুর্বাডাঙ্গা ইউ: ৩ নং ওয়ার্ড প্রা: তাঁতি সমিতি |
| ৪ | ১৬ নং নেহালপুর ইউ: প্রা: তাঁতি সমিতি। |

**১৫। বেসিক সেন্টার যশোরের সমস্যাসমূহ:**

বেসিক সেন্টার যশোরে মাত্র ০১(এক) জনবল। একজনের পক্ষে যেমন একটি অফিস (তাঁত বোর্ডের নিজস্ব ভবন) পরিচালনা করা অসম্ভব, তেমনি নিরাপত্তাহীন। তাই এখানে একজন প্রহরী/বার্তাবাহক একান্ত প্রয়োজন।

১৫.১। ঋণ আদায় সংক্রান্ত সমস্যা: বর্তমানে বেসিক সেন্টার যশোরে ১৪৬ জন ঋণ খেলাপী তাঁতি রয়েছে মোট ১৯টি সমিতিতে। যাদের মধ্যে প্রায় সবাই (২০০০-২০০৫) সালের মধ্যে ঋণ গ্রহণ করেছিল। এদের মধ্যে অনেকে মারা গেছে, অনেকে এলাকার বাইরে আছে এবং অনেকে আর্থিক অবস্থা অত্যন্ত খারাপ হওয়ায় কারণে ঋণের টাকা পরিশোধ করতে পারছেনা।

১৫.২। ঋণ বিতরণ সংক্রান্ত সমস্যা: অত্র এলাকার বেশির ভাগ তাঁতই হল হস্তচালিত পিট তাঁত। সুতার দাম বৃদ্ধি পাওয়ায় এবং তাঁতিদের ছেলে মেয়ে তাঁত পেশার প্রতি অনিহা থাকার কারণে অধিকাংশ তাঁতি তাঁত পেশা ছেড়ে দিচ্ছে। তাছাড়া যেসব সমিতিতে তাঁত রয়েছে সেসব সমিতির অধিকাংশ তাঁতিই খেলাপী যার কারণে তাদের ঋণ দেয়া যাচ্ছেনা। বেশির ভাগ সমিতিতেই মাত্র (৩-৫) জন তাঁতি রয়েছে যার কারণে সেখানে কমিটি করা যাচ্ছেনা।

১৫.৩। ১৪ নং দুর্বাডাঙ্গা ইউ: ৩নং ওয়ার্ড প্রাথমিক তাঁতি সমিতিতে পঞ্চাশোর্ধ্ব তাঁতি রয়েছে। সেখানে এডহক কমিটি গঠন করা হয়েছে, ২টি গ্রুপ গঠন করা হয়েছে এবং ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।

**সুপারিশ:**

১ “তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ, অচালু তাঁত চালু করা এবং তাঁতের আধুনিকায়ন ” প্রকল্পের আওতায় প্রকৃত তাঁতিদের মাঝে ঋণ বিতরণ করা যেতে পারে।

২। অফিস ভবনের পশ্চিম পার্শ্বের দেয়ালের ভিতরের অংশে অনেক মাটি স্তুপ করে রাখায় এবং পেছনে ও নীচে মাটি না থকায় দেয়ালটি হেলে পড়ার সম্ভাবনা দেখা দিয়েছে। দেয়ালটিকে রক্ষা করার জন্য উপরের স্তুপ করা মাটি সরানোর প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহন করা যেতে পারে।

৩। পশ্চিম পার্শের দেয়ালের পলেস্তর খসে পড়েছে। এটি সংস্কার করা যেতে পারে।

৪। হ্যান্ডলুমের উৎপাদন কম হওয়ায় তাঁতিরা পাওয়ারলুম এর প্রতি বেশি আগ্রহী এজন্য তাদেরকে পাওয়ার লুম এ উৎপাদনের জন্য প্রয়োজনীয় সার্পোট দেয়া যেতে পারে।

৫। বেসিক সেন্টারের আওতায় ৫০ শতাংশ ভূমি রয়েছে। শুধুমাত্র একটি অফিস ভবন রয়েছে। বাকী অংশে কি করা যায় এ বিষয়ে পরিকল্পনা ও বাস্তবায়ন বিভাগ হতে সম্ভাব্যতা সমীক্ষা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

৬। তাঁতের ও তাঁতির সংখ্যা ক্রমাগত হ্রাস পাচ্ছে। বর্তমানে তাঁতিদের চাহিদা অনুসারে ও যুগের সাথে সামঞ্জস্যতা রেখে তাদেরকে প্রয়োজনীয় সার্পোট দেয়া যায়।

৭। ঋণ খেলাপির পূর্ণাঙ্গ তালিকা প্রনয়নের জন্য কেন্দ্র প্রধানকে নির্দেশনা প্রদান করা যেতে পারে।

২০.০৭.২০২২
মোঃ আহসান উল্লাহ্
কারিগরি কর্মকর্তা (পরিবীক্ষণ ও মূল্যায়ন)
বাতাঁবো, ঢাকা।

20/07/2022
মোহাম্মদ ইছা মিয়া
প্রধান (পরিবীক্ষণ ও মূল্যায়ন) [অ:দা]
বাতাঁবো, ঢাকা।